

**ইউজিসি পরিচালকের
বিরুদ্ধে ব্যবস্থা নিতে
দুদকের চিঠি**

নিম্নে বার্তা পরিবেশক

অনুমোদন ছাড়া বেসরকারি বিশ্ববিদ্যালয়ে চাকরি করার অপরাধে বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনের (ইউজিসি) পরিচালক সামুদ্রিক আলমকে অভিযুক্ত করেছে দুদক। দুদক কমিশন (দুদক)। তদন্তে এ অপরাধের প্রমাণ পাওয়ার পর অভিযোগে তার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণের জন্য ইউজিসিকে সম্পূর্ণ চিঠি দিয়েছে দুদক। এ বিষয়ে বক্তব্য জানতে ইউজিসি পরিচালক সামুদ্রিক আলমের টেলিফোন একাধিকবার যোগাযোগের চেষ্টা করেও তার পাওয়া যায়নি। তবে এ বিষয়ে ইউজিসির সচিব ড. মো. খালেদ সাংবাদিকদের বলেন, সামুদ্রিক আলমের বিষয়ে ব্যবস্থা গ্রহণের জন্য দুদক আমদের একটি চিঠি দিয়েছে। আমাদের প্রতিষ্ঠানের সার্ভিস রুল অনুসারে বেসরকারি প্রতিষ্ঠানের কাজ করা যায় না। কিন্তু সামুদ্রিক আলম তা করছেন। তাই চাকরিবিধি অনুযায়ী ব্যবস্থা নেয়া হচ্ছে। জানা গেছে, দুদক সচিব ডায়েরি সহমান জৌধরী ইউজিসির সচিব বগাবরে এ চিঠি দিয়েছেন। চিঠিতে বলা হয়েছে, পরিচালক (বেসরকারি বিশ্ববিদ্যালয়) সামুদ্রিক আলমের বিরুদ্ধে দুদক সর্বমোট তিনটি অভিযোগের তদন্ত করেছে। এর মধ্যে বিনা অনুমতিতে সরকারি গাড়ি ব্যবহার ব্যবস্থা : পৃষ্ঠা : ২ ক : ২

ব্যবস্থা : নিতে

(১৬ পৃষ্ঠার পর)

ও অবৈধভাবে শত কোটি টাকার মালিক হওয়ার অভিযোগ দুদকের তদন্তে প্রমাণিত হয়নি। তবে তার বিরুদ্ধে সরকারি চাকরির পাশাপাশি বেসরকারি একটি প্রতিষ্ঠানে চাকরি করার অভিযোগ দুদকের তদন্তকালে প্রমাণিত হয়েছে। তিনি সরকারি চাকরির পাশাপাশি খানমতি আবাসিক এলাকার ৮ নম্বর সড়কের ১৭ নম্বর বাড়িতে অবস্থিত 'মডার্ন ডায়াজনস্টিক সেটার' এ চাকরি করেন। ইউজিসি সূত্র জানিয়েছে, মডার্ন ডায়াজনস্টিক সেটারের মালিক আনোয়ার হোসেন বান বেসরকারি প্রাইম ইউনিভার্সিটির মালিকদের একজন (ট্রাস্টিবোর্ড সদস্য)। এই বিশ্ববিদ্যালয়ের মালিকানা নিয়ে দুই পক্ষের বিরোধ আছে। এ বিশ্ববিদ্যালয়ের মালিকানা নিয়ে আদালতে এ দুটি মসপের পক্ষে বিপক্ষে এলাহিক সামলাও রয়েছে। একটি বেসরকারি বিশ্ববিদ্যালয়ের মালিকদের এক পক্ষের দাবী সংশ্লিষ্ট প্রতিষ্ঠানে খেদ ইউজিসির বেসরকারি বিশ্ববিদ্যালয় শাখার পরিচালকের উচ্চ বেতনে চাকরি করা নিয়ে ইউজিসিও বিরক্ত অবস্থায় পড়েছে।